গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১২৪/২০১৯-২০২০
ঢাকা ১৫ ডিসেম্বর রোববার ২০১৯, ৩০ অগ্রহায়ণ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আগামীকাল মহান বিজয় দিবস
মহান মুক্তিযুদ্ধের সূর্য সন্তানদের শ্রদ্ধা জানাতে
জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অপর্ণ করবেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী
২। বিনম্র শ্রদ্ধা ও ভালোবাসায় শহিদ বুদ্ধিজীবীদের স্মরণ :
শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন
৩। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে : আলোচনাসভায় প্রধানমন্ত্রী
৪। শহিদ বুদ্ধিজীবীদের প্রতি স্পিকারের শ্রদ্ধা নিবেদন
৫। বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার নেতৃত্বে সাম্প্রদায়িকতার বিষবৃক্ষের মূলোৎপাটন করা হবে : সেতুমন্ত্রী
৬। আজ রাজাকারের তালিকা প্রকাশ করবেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী
৭। ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনকে প্রধানমন্ত্রীর অভিনন্দন
রোহিঙ্গাদের প্রত্যাবাসনে হস্তক্ষেপের আহ্বান
৮। জলবায়ু অর্থায়ন প্রক্রিয়া সহজ করুন : স্পেনে জলবায়ু সম্মেলনে বিশ্ব নেতৃবৃন্দের প্রতি তথ্যমন্ত্রী
৯। জটিল রোগে আক্রান্তদের আর্থিক সহায়তা যুগান্তরকারী পদক্ষেপ : কুমিল্লায় অর্থমন্ত্রী
১০। শ্রম প্রতিমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর পাটকল শ্রমিকদের কর্মসূচি তিন দিনের জন্য স্থগিত
১১। শিল্প খাতের উন্নয়ন ঘটাতে নতুন উদ্যোক্তা তৈরি করতে হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১২। তিন পার্বত্য জেলায় বিদ্যুতের প্রিপেইড মিটার স্থাপনের পরামর্শ দিয়েছে সংসদীয় স্থায়ী কমিটি
১৩। বিজয় দিবসে বিকল্প সড়কে চলাচলের জন্য ডিএমপি'র পরামর্শ
১৪। ফাঁসি কার্যকর হওয়া যুদ্ধাপরাধী কাদের মোল্লাকে 'শহিদ' হিসেবে উল্লেখ করায়
দৈনিক সংগ্রামের সম্পাদক ৩ দিনের রিমান্ডে
১৫। প্লাস্টিক কারখানার আগুনে দগ্ধ আরও একজনের মৃত্যু
এ পর্যন্ত মৃত্যের সংখ্যা ১৪ জন

চলমান পাতা-২

১। **আগামীকাল মহান বিজয় দিবস**

**মহান মুক্তিযুদ্ধের সূর্য সন্তানদের শ্রদ্ধা জানাতে**

**জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী**

আগামীকাল **১৬** ডিসেম্বর মহান বিজয় দিবস। এ উপলক্ষে নতুন রূপে সেজেছে সাভার জাতীয় স্মৃতিসৌধ। দেশের সূর্য সন্তানদের প্রতি বিনম্র শ্রদ্ধা আর ভালোবাসা জানাতে পুরোপুরি প্রস্তুত জাতীয় স্মৃতিসৌধ। সেনা, নৌ ও বিমানবাহিনীর পক্ষ থেকে গার্ড অভ অনার প্রদানে সুসজ্জিত দল প্রস্তুতি সম্পন্ন করেছে। জাতীয় স্মৃতিসৌধে মহান বিজয় দিবসের দিন সকালে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করবেন। সূত্র : **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

২। **বিনম্র শ্রদ্ধা ও ভালোবাসায় শহিদ বুদ্ধিজীবীদের স্মরণ :**

**শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

বিনম্র শ্রদ্ধা ও ভালবাসায় জাতির শ্রেষ্ঠ সন্তান শহিদ বুদ্ধিজীবীদের স্মরণ, ইতিহাস বিকৃতকারীদের রুখে দেওয়া, মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে এগিয়ে নেওয়া, গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি আদায়, সব যুদ্ধাপরাধীদের ফাঁসি কার্যকর, দেশবিরোধী সব ষড়যন্ত্র রুখে দিয়ে উন্নত-সমৃদ্ধ অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার প্রত্যয়ের মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় গতকাল (১৪ ডিসেম্বর শনিবার) শহিদ বুদ্ধিজীবী দিবস পালন করেছে দেশবাসী। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকালে মিরপুরে শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পর রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী সেখানে উপস্থিত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যদের সঙ্গে কুশল বিনিময় করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

৩। **বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে : আলোচনাসভায় প্রধানমন্ত্রী**

দেশের উন্নয়ন ও অগ্রগতির ধারাবাহিকতা অব্যাহত রাখতে দেশবাসীর সহযোগিতা চেয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, লাখো শহিদের রক্তের বিনিময়ে এ দেশ স্বাধীন হয়েছে। স্বাধীনতার জন্য এত আত্মত্যাগ বৃথা যায়নি, যেতে পারে না। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে। আজ যে উন্নয়ন, সেই উন্নয়নের ধারাবাহিকতা নিয়েই সবাইকে এগিয়ে যেতে হবে। বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। এ দেশের মানুষের ওপর কালো মেঘের ছায়া ছিল। সে মেঘ কেটে গেছে। বাংলাদেশ এখন উন্নয়নশীল দেশ। এ উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। আর যেন কেউ উন্নয়নের ধারাকে বাধাগ্রস্ত করতে না পারে, সে জন্য সবাইকে সজাগ ও সতর্ক থাকতে হবে। গতকাল (১৪ ডিসেম্বর শনিবার) রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আওয়ামী লীগের আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

৪। **শহিদ বুদ্ধিজীবীদের প্রতি স্পিকারের শ্রদ্ধা নিবেদন**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। গতকাল (১৪ ডিসেম্বর শনিবার) বীরদের প্রতি শ্রদ্ধা নিবেদনের পর তিনি উপস্থিত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যদের সঙ্গে কুশল বিনিময় করেন। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.১)।

৫। **বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার নেতৃত্বে সাম্প্রদায়িকতার বিষবৃক্ষের মূলোৎপাটন করা হবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সাম্প্রদায়িক অপশক্তি আজও বিষবাষ্প ছড়াচ্ছে। বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার নেতৃত্বে এসব বিষবৃক্ষের মূলোৎপাটন করা হবে। গতকাল (১৪ ডিসেম্বর শনিবার) মিরপুরের শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন শেষে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, একাত্তরের মহান মুক্তিযুদ্ধকালীন মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ড পাওয়া জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল কাদের মোল্লাকে 'শহিদ' লেখায় দৈনিক সংগ্রাম পত্রিকার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে এ ব্যাপারে কথা বলেছি। এখনো যেসব অপশক্তি সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়াচ্ছে, তাদের মূলোৎপাটন করা হবে। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

৬। **আজ রাজাকারের তালিকা প্রকাশ করবেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

একাত্তরে মহান মুক্তিযুদ্ধে যারা পাক হানাদার বাহিনীকে পথঘাট চেনাতে ও মুক্তিযোদ্ধাদের তথ্য দিয়ে সহযোগিতা করেছে তাদের নামের তালিকা প্রকাশ করছে সরকার। আজ (১৫ ডিসেম্বর রোববার) সকাল সাড়ে ১১টায় মন্ত্রণালয়ে সংবাদসম্মেলনের মাধ্যমে সারা দেশের রাজাকারের তালিকা প্রকাশ করবেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ.ক.ম. মোজ্জামেল হক। পরে তা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এ প্রসঙ্গে জানতে চাইলে গতকাল (১৪ ডিসেম্বব শনিবার) মন্ত্রী বলেন, রাজাকারদের নাম পরিচয় নতুন প্রজন্মকে জানানোর জন্যই তালিকা প্রকাশ করা হবে। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

৭। **ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনকে প্রধানমন্ত্রীর অভিনন্দন**
**রোহিঙ্গাদের প্রত্যাবাসনে হস্তক্ষেপের আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাজ্যের জাতীয় নির্বাচনে কনজারভেটিভ পার্টির বিজয়ে ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনকে অভিনন্দন জানিয়েছেন। ব্রিটিশ প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে পাঠানো এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, এ বিজয় দলটির নেতৃত্বের প্রতি যুক্তরাজ্যের জনগণের ব্যাপক আস্থা ও বিশ্বাসের প্রতিফলন। এ বিজয় ঢাকা-লন্ডনের বিদ্যমান সম্পর্ককে এক নতুন উচ্চতায় নিয়ে যাবে। এছাড়াও প্রধানমন্ত্রী মায়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের ন্যায়বিচার নিশ্চিত করার ক্ষেত্রে তাঁর ব্যক্তিগত হস্তক্ষেপ কামনা করেছেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

৮। **জলবায়ু অর্থায়ন প্রক্রিয়া সহজ করুন : স্পেনে জলবায়ু সম্মেলনে বিশ্ব নেতৃবৃন্দের প্রতি তথ্যমন্ত্রী**

জলবায়ু অর্থায়ন প্রক্রিয়া সহজ করার দাবি জানিয়েছে বাংলাদেশ। তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, দীর্ঘমেয়াদি অর্থায়ন কোনো মার্কেট মেকানিজম নয়, বরং তা রাষ্ট্রের পক্ষ থেকে হওয়া উচিত। উন্নত দেশগুলো দীর্ঘমেয়াদি অর্থায়ন মার্কেট মেকানিজমের ওপর চাপাতে চাইছে। মার্কেট মেকানিজম হলে মুনাফার বিষয় থাকবে। মুনাফা না হলে মার্কেট মেকানিজম থেকে অর্থ আসবে না। সার্বিকভাবে অর্থ প্রদান প্রক্রিয়া জটিল হওয়ায় বাংলাদেশসহ ক্ষতিগ্রস্ত দেশগুলো প্রত্যাশা অনুযায়ী অর্থ পাচ্ছে না। সংশ্লিষ্টদের অর্থায়ন প্রক্রিয়া আরও সহজ করতে হবে। স্পেনের মাদ্রিদে গত ১৩ ডিসেম্বর বৃহস্পতিবার স্থানীয় সময় সন্ধ্যায় জলবায়ু সম্মেলনের সমাপনী দিনে 'হাই-লেভেল সেগমেন্টে' বাংলাদেশের পক্ষে এসব কথা বলেন তথ্যমন্ত্রী। গতকাল (১৪ ডিসেম্বর শনিবার) তথ্য মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র : **সমকাল** (পৃ.১৫,ক.৫),

৯। **জটিল রোগে আক্রান্তদের আর্থিক সহায়তা যুগান্তরকারী পদক্ষেপ : কুমিল্লায় অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, জটিল রোগে আক্রান্ত ব্যক্তিদের আর্থিক সহায়তা বর্তমান সরকারের যুগান্তকারী পদক্ষেপ। তিনি সরকারের কল্যাণমুখী বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে মাঠপর্যায়ের কর্মকর্তাদের ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন। তিনি সেবা সহজীকরণে সৃজনশীল কৌশল ব্যবহার করে সেবাগুলোকে জনসাধারণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার আহ্বান জানান। গতকাল (১৪ ডিসেম্বর শনিবার) কুমিল্লার লাঙ্গলকোট উপজেলায় বিভিন্ন রোগে আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসার সহায়তায় অর্থ অনুদানের চেক প্রদান ও মতবিমিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **ভোরের কাগজ** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

১০। **শ্রম প্রতিমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর পাটকল শ্রমিকদের কর্মসূচি তিন দিনের জন্য স্থগিত**

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ানের আহ্বানে সাড়া দিয়ে তিন দিনের জন্য আমরণ অনশনের কর্মসূচি স্থগিত ঘোষণা করেছেন খুলনায় রাষ্ট্রায়ত্ত পাটকল শ্রমিকরা। গত ১৩ ডিসেম্বর শুক্রবার রাতে খুলনায় শ্রম দফতরে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজেই পাটকল এবং শ্রমিকদের বিষয়ে অত্যন্ত আন্তরিক। প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় খুলনার বন্ধ হওয়া পাটকলগুলো চালু হয়েছে। শ্রমিকদের স্বার্থে তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ব্যক্তিগতভাবে আলোচনা করবেন বলে জানান। এছাড়া জাতীয় মজুরি কমিশন বাস্তবায়নে বস্ত্র ও পাট মন্ত্রণালয় আজ ১৫ ডিসেম্বর বেলা ১১টায় আন্তঃমন্ত্রণালয় সভা এবং বিকেল তিনটায় বাংলাদেশ পাটকল কর্পোরেশনের সভাকক্ষে শ্রমিক নেতাদের সঙ্গে সভা অনুষ্ঠিত হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (শেষ পৃ,ক.৬)।

**১১। শিল্প খাতের উন্নয়ন ঘটাতে নতুন উদ্যোক্তা তৈরি করতে হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, শিল্প খাতের উন্নয়ন ঘটাতে আরও অধিক পরিমাণে নতুন উদ্যোক্তা তৈরি করতে হবে। সরকার এ বিষয়ে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করবে। গতকাল (১৪ ডিসেম্বর শনিবার) ঢাকায় বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের এক কর্মশালায় তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বিসিককে আরও শক্তিশালী করে গড়ে তোলার প্রয়োজনীয়তা উল্লেখ করে বলেন, আমরা যেসব পণ্য আমদানি করি সেগুলো বাংলাদেশেই উৎপাদন করতে হবে। এতে একদিকে যেমন কর্মসংস্থানের সৃষ্টি হবে অন্যদিকে প্রচুর পরিমাণ বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে। এ বিষয়ে বিসিককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.৬)।

**১২। তিন পার্বত্য জেলায় বিদ্যুতের প্রিপেইড মিটার স্থাপনের পরামর্শ দিয়েছে সংসদীয় স্থায়ী কমিটি**

রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান তিন পার্বত্য জেলায় বিদ্যুৎ ব্যবহারে স্বচ্ছতা নিশ্চিত করতে প্রিপেইড মিটার স্থাপনের পরামর্শ প্রদানের পাশাপাশি জেলাগুলোতে বিদ্যুৎ সংযোগ কার্যক্রম সম্প্রসারণ করার সুপারিশ করেছে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল (১৪ ডিসেম্বর শনিবার) খাগড়াছড়ি জেলা পরিষদ সম্মেলনেকক্ষে অনুষ্ঠিত কমিটির এক বৈঠকে এক পরামর্শ দেয়া হয়েছে বলে সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.৪)।

**১৩। বিজয় দিবসে বিকল্প সড়কে চলাচলের জন্য ডিএমপি'র পরামর্শ**

আগামীকাল ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে জাতীয় প্যারেড স্কোয়ারে সম্মিলিত সামরিক বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে। অনুষ্ঠান চলাকালে প্যারেড স্কোয়ার সংলগ্ন এলাকায় সুষ্ঠুভাবে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের স্টিকারযুক্ত যানবাহন ছাড়া অন্যান্য যানবাহনকে সকাল সাড়ে পাঁচটা থেকে একটা পর্যন্ত রাজধানীর কয়েকটি সড়ক পরিহার করে বিকল্প সড়কে চলাচলের জন্য পরামর্শ দিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। সড়কগুলো হচ্ছে : খেজুরবাগান ক্রসিং থেকে উড়োজাহাজ ক্রসিং-রোকেয়া সরণি হয়ে মিরপুর-১০ নম্বর গোলচত্বর পর্যন্ত। শ্যামলী শিশুমেলা ক্রসিং থেকে আগারগাঁও লাইট ক্রসিং হয়ে রোকেয়া সরণি পর্যন্ত। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে নতুন সড়ক দিয়ে আগারগাঁও লিংক রোড পর্যন্ত। বিজয় সরণি ক্রসিং-উড়োজাহাজ ক্রসিং, ক্রিসেন্ট লেক হয়ে গণভবন ক্রসিং পর্যন্ত। প্রতিরক্ষা মন্ত্রণালয় গ্যাপ থেকে পরিকল্পনা কমিশন হয়ে বিআইসিসি ক্রসিং পর্যন্ত। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**১৪। ফাঁসি কার্যকর হওয়ায় যুদ্ধাপরাধী কাদের মোল্লাকে 'শহিদ' হিসেবে উল্লেখ করায়**
**দৈনিক সংগ্রামের সম্পাদক ৩ দিনের রিমান্ডে**

মানবতাবিরোধী অপরাধে ফাঁসির দণ্ড কার্যকর হওয়া কাদের মোল্লাকে 'শহিদ' আখ্যায়িত করে সংবাদ প্রকাশের ঘটনায় ডিজিটাল নিরাপত্তা আইনে দায়ের করা মামলায় দৈনিক সংগ্রামের সম্পাদক আবুল আসাদকে ৩ দিনের রিমান্ডে পাঠিয়েছেন আদালত। গতকাল ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মঈনুল ইসলাম শুনানি শেষে এ আদেশ দেন। গত ১২ ডিসেম্বর শুক্রবার রাতে মুক্তিযোদ্ধা কমান্ডার মোহাম্মদ আফজাল বাদী হয়ে সংগ্রামের সম্পাদকসহ তিনজনের নাম উল্লেখ করে রাজধানীর হাতিরঝিল থানায় এ মামলা করেন। শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে গতকাল (১৪ ডিসেম্বর শনিবার) রায়েরবাজার বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শ্রদ্ধা জানাতে এসে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেন, ওরা একাত্তর সালে যে ধৃষ্টতা দেখিয়েছে, তা এখনও অব্যাহত আছে। এ ঘৃণ্য কাজের বিরুদ্ধে রাষ্ট্রীয়ভাবে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**১৫। প্লাস্টিক কারখানার আগুনে দগ্ধ আরও একজনের মৃত্যু**
**এ পর্যন্ত মৃত্যের সংখ্যা ১৪ জন**

কেরানীগঞ্জে প্লাস্টিক কারখানার আগুনে দগ্ধ আরও একজনের মৃত্যু হয়েছে। ১৪ বছর বয়সী ঐ কিশোরের নাম আসাদ। গতকাল (১৪ ডিসেম্বর শনিবার) শেখ হাসিনা বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে মারা যায় সে। এ নিয়ে এ ঘটনার মৃত্যের সংখ্যা ১৪ জন। হাসপাতালের আবাসিক চিকিৎসক পার্থ শঙ্কর পাল জানান, শেখ হাসিনা বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে এখনও ৯ জন ভর্তি রয়েছেন। তারা সবাই লাইফ সার্পোটে আছেন। এছাড়া ঢাকা মেডিকেল বার্ন ইউনিটে ভর্তি রয়েছেন ৮ জন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৪),

[

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ বাজার থেকে ৪৭টি কীটনাশক ও সারের নমুনা সংগ্রহ করে পরীক্ষার সময় ৩৬টি নমুনায় ক্ষতিকর সিসা, ক্যাডমিয়াম, ক্রোমিয়ামের উপস্থিতি ধরা পড়েছে উল্লেখ করে কৃষিপণ্যে এ ধরনের ক্ষতিকর পদার্থের উপস্থিতি বন্ধে নজর দেওয়ার সুপারিশ।

খ : **যায়যায়দিন :** পিরোজপুরের নাজিরপুর উপজেলার গাওখালী বাজারে অভিযান চালিয়ে চার ভুয়া চিকিৎসককে গ্রেফতার করেছে র‌্যাব উল্লেখ করে এ ধরনের নৈরাজ্য বন্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **ভোরের কাগজ :** বিজয়ের ৪৯ বছরে এসে স্বাধীনতাবিরোধী রাজাকার বাহিনীর তালিকা করা হচ্ছে উল্লেখ করে এ উদ্যোগ অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **সমকাল :** মফস্বল ও উপজেলা পর্যায়ের কলেজগুলোতে পর্যাপ্ত ভৌত অবকাঠামো, সুপরিসর শ্রেণিকক্ষ, পাঠাগার, সেমিনার কক্ষ ও প্রতিটি বিষয়ে অন্তত সাতজন শিক্ষক না থাকলে কোনোভাবেই আর অর্নাস কোর্স খোলার অনুমতি দেওয়া হবে না, সরকারের এ সিদ্ধান্তে স্বাগত জানিয়ে দেশে উচ্চশিক্ষার প্রসারে কলেজগুলোর সংখ্যাগত পরিসংখ্যান স্ফীত করার চেষ্টা না করে গুণগত মান নিশ্চিতকরণের দিকে নজর দেওয়ার সুপারিশ।

ঙ. **জনকণ্ঠ :** কেরানীগঞ্জে প্লাস্টিক কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক উল্লেখ করে কারখানাগুলোতে নিরাপত্তার ব্যাপারে দায়িত্বশীল ও সচেতন হওয়ার পরামর্শ।

চ. **অবজারভার :** দেশের ঐতিহাসিক স্থানগুলো যথাযথভাবে সংরক্ষণে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গ্রামীণ সামাজিক ও জলবায়ুগত স্থিতিশীলতার উন্নয়নে একটি ব্যাপকভিত্তিক টেকসই গ্রামীণ অর্থনীতি প্রয়োজন ।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘দুর্নীতির বিরুদ্ধে বঙ্গবন্ধু থেকে শেখ হাসিনা’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, ইতিহাস যেমনিভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানকে চিরঞ্জীব করেছে, তেমনি আধুনিক ও সমৃদ্ধ বাংলাদেশের রূপকার হিসেবে ইতিহাসের পাতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চিরস্মরণীয় হয়ে থাকবেন।

#

মরজিনা/সেলিনা/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা